দৈনিক ইত্তেফাক

তারিখ 20 AUG 1998
পৃষ্ঠা ৭ কলাম ২

# স্বাস্থ্যনীতিতে ইউনানী ও আয়ুর্বেদিক চিকিৎসা উপেক্ষিত ও কোণঠাসা

## —ইউনানী মেডিকেল এসোঃ

স্টাফ রিপোর্টার ঃ বাংলাদেশ ইউনানী মেডিকেল এসোসিয়েশনের সভাপতি প্রিন্সিপাল হাকিম হাফেজ আজীজুল ইসলাম ও সাধারণ সম্পাদক হাকীম এসএম আহসান উল্লাহ এক বিবৃতিতে ঘোষিত স্বাস্থ্যনীতির সমালোচনা করে বলেছেন, ঘোষিত

২-এর পৃঃ ৭-এর কঃ দেখুন

## স্বাস্থ্যনীতিতে ইউনানী

প্রথম পৃষ্ঠার পর

স্বাস্থ্যনীতিতে একপাক্ষিক চিকিৎসা নির্ভরশীলতা ব্যবস্থার কথা বলা হয়েছে। প্রধানত দেশজ উৎপাদননির্ভর ইউনানী ও আয়ুর্বেদিক চিকিৎসা ব্যবস্থা শুধু উপেক্ষিতই হয়নি, বরং জাতীয় ঐতিহ্যের অবিচ্ছেদ্য অংশ এসব দেশজ চিকিৎসা পদ্ধতিকে বিজ্ঞানভিত্তিক ও যুগোপযোগীকরণ ইত্যাকার খোঁড়া অজুহাতে যথাযথ সরকারী পৃষ্ঠপোষকতা বঞ্চিত ও কোণঠাসা করে রাখার ব্যবস্থা করা হয়েছে। ইউনানী ও আয়ুর্বেদিক চিকিৎসা পদ্ধতি বিজ্ঞানভিত্তিক আজও দেশের এক বৃহৎ জনগোষ্ঠীর চিকিৎসা সেবা দিয়ে আসছে।

সম্প্রতি ঘোষিত জাতীয় স্বাস্থ্যনীতিতে সত্যিকার অর্থে জাতীয় দৃষ্টিভঙ্গির প্রতিফলন ঘটেনি এবং দেশের জাতীয় ঐতিহ্যের অবিচ্ছেদ্য অংশ দেশজ ইউনানী ও আয়ুর্বেদ চিকিৎসা পদ্ধতির যথাযথ ও মর্যাদাকর অবস্থান নিশ্চিত করা হয়নি বলে বাংলাদেশ ইউনানী মেডিক্যাল এসোসিয়েশন নেতৃবৃন্দ হতাশা ব্যক্ত করেছেন। বিবৃতিতে তারা বলেন, এ প্রসঙ্গে আমরা অত্যন্ত পরিতাপের সাথে স্মরণ করিয়ে দিতে চাই যে, সরকার কর্তৃক জাতীয় স্বাস্থ্যনীতি প্রণয়ন কমিটি ঘোষিত হওয়ার পর আমরা বারংবার সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করা সত্ত্বেও এবং মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর আশ্বাস পাওয়া সত্ত্বেও ইউনানী ও আয়ুর্বেদিক চিকিৎসা শাস্ত্রের কোন পেশাজীবী প্রতিনিধি মূল কমিটিতে অন্তর্ভুক্ত করা হয়নি। জাতীয় স্বাস্থ্যনীতিতে যাতে সত্যিকার জাতীয় দৃষ্টিভঙ্গি প্রতিফলিত হয় এবং দেশে প্রচলিত ও সরকারীভাবে স্বীকৃত সকল চিকিৎসা পদ্ধতিরই যাতে একে অপরের পরিপূরক হিসাবে স্বাস্থ্য সেবা কার্যক্রমে যথাযথ ভূমিকা রাখার সুযোগ নিশ্চিত হয়, সে লক্ষ্যে ইউনানী, আয়ুর্বেদ ও হোমিওপ্যাথির প্রকৃত পেশাজীবী প্রতিনিধিদের সাথে আলোচনাক্রমে জাতীয় স্বাস্থ্যনীতিতে প্রয়োজনীয় সংশোধনী আনার ব্যবস্থা করার জন্য আমরা মাননীয় প্রধানমন্ত্রী ও স্বাস্থ্যমন্ত্রীর আশু দৃষ্টি আকর্ষণ করছি।